# জাতীয় বিশ্ববিদ্যালয়

**স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০২০-২১/৪৬১৯** **তারিখ ঃ ২৫/০৭/২০২০**

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি বিজ্ঞপ্তি

(সংশ্লিষ্ট কোর্সসমূহের জন্য চলমান শিক্ষাবর্ষ প্রযোজ্য হবে)

ভর্তি বিষয়ক ওয়েবসাইট (**www.nu.ac.bd/admissions**)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে পাঠদানকারী কলেজসমূহে চলমান শিক্ষাবর্ষ অনুযায়ী এলএলবি ১ম পর্ব (২০২০-২১)/ পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম (২০২০-২১)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (২০২০-২১)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স (২০১৯-২০)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী (২০২০-২১)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক (২০১৯-২০)/ পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ (২০২০-২১)/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (২০১৮-১৯)/মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন [এমবিএ] (২০১৮-১৯)/এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং (২০১৯-২০)/মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজি এন্ড পুলিশ ম্যানেজমেন্ট (২০১৯-২০) কোর্সে **অনলাইন ভর্তি কার্যক্রম ২৭ জুলাই বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১২ আগষ্ট ২০২০ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে**। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং উক্ত ফরমের প্রিন্ট কপিসহ আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা সংশ্লিষ্ট কলেজে **১৩ আগষ্ট ২০২০** তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদনকারীদের স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজে আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে। **এ ভর্তি কার্যক্রমে কোভিড-১৯ মহামারীকালীন পরিস্থিতিতে অনলাইন ক্লাস ১লা সেপ্টেম্বর ২০২০ তারিখ থেকে শুরু হবে।**

এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

**বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারিকৃত কোভিড-১৯ মহামারী সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।**

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) এলএলবি ১ম পর্ব/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স: জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর/CGPA ২.০ পেতে হবে।

**বি: দ্র: এলএলবি ১ম পর্ব পরীক্ষায় ন্যূনতম ৪০% কিংবা জিপিএ ২.০০ পেয়ে উত্তীর্ণ হলে পরবর্তীতে এলএলবি শেষপর্বে ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।**

খ) এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং: জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ২০১৫ সাল ও তৎপরবর্তী ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর/CGPA ২.২৫ পেতে হবে।

গ) মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন [এমবিএ]: জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ২০১৫ সাল ও তৎপরবর্তী ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী প্রফেশনাল বিবিএ (সম্মান)/ব্যবসায় প্রশাসন (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর/CGPA ২.২৫ পেতে হবে।

ঘ) এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং: জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ২০১৪ সাল ও তৎপরবর্তী ২০১৮ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর/CGPA ২.২৫ পেতে হবে।

ঙ) পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক, মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট ও পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন না, তারা ভর্তির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরাসরি যোগাযোগ করবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

চ) মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে যে কোন শিক্ষাবর্ষে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না। **এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

ছ) **প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।**

### ২। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল

ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে প্রার্থীদের আবেদন অনুযায়ী মাস্টার্স (প্রফেশনাল) কোর্স বরাদ্দ দেয়া হবে।

খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই কোর্সে দুই বা ততোধিক আবেদনকারীর মেধা স্কোর সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর স্নাতক পর্যায়ে পরীক্ষার প্রাপ্ত নম্বর/CGPA এবং বয়সের নিম্নক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, প্রয়োজন হলে শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে প্রকাশ করা হবে।

ঘ) সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। প্রার্থীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর মাধ্যমে অথবা **SMS (nu<space>atpm<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।**

### ৩। প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

ক) আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Master's Tab এ গিয়ে এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কোর্সের ক্ষেত্রে **Apply Now (Masters Prof.)** ও অন্যান্য কোর্সের ক্ষেত্রে **Blank Data Entry Form (Masters Prof.)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস)/বিবিএ (সম্মান)/বিকম (সম্মান) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) **Blank Data Entry Form (Masters Prof.)** এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য ও জন্ম তারিখ নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে।

গ) এছাড়া আবেদনকারীর স্নাতক পর্যায়ে অর্জিত সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি ও দৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। এই ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি ভুল বা অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

ঘ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তিযোগ্য (Eligible) কোর্সের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সংগে তার প্রার্থিত কোর্সের পছন্দ নির্ধারণ করতে হবে।

ঙ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য (Ward) কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

চ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size:50Kb.**

ছ) সঠিক তথ্য ও ছবিসহ অনলাইন ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (**Print**) নিতে হবে।

জ) আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ক্রটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Master's Tab-এ গিয়ে Applicant's Login (Masters Prof.) অপশনে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the OTP অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। আবেদনকারী এ সুযোগ কেবলমাত্র একবারই পাবে।

ঝ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সাথে আবেদনকারীর স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ও **প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের তারিখসহ স্বাক্ষর ও সীল দিয়ে আবেদনকারীকে ফেরত দেয়া হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে, সে সকল আবেদনকারীর মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে।

## ৪। আবেদনের সময়সূচি

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১। | **অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ করার তারিখ:** | ২৭/০৭/২০২০ থেকে ১২/০৮/২০২০ |
| ২। | **আবেদনকারীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ আবেদন ফরমে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ:** | ২৮/০৭/২০২০ থেকে ১৩/০৮/২০২০ |
| ৩। | **কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার তারিখ:** | ২৮/০৭/২০২০ থেকে ১৬/০৮/২০২০ |
| ৪। | কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [**জনপ্রতি ২০০/-(দুইশত) টাকা হারে**] "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Masters Prof.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১৭/০৮/২০২০ থেকে ২০/০৮/২০২০ |

## ৫। রিলিজ স্লিপে আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

যে সকল আবেদনকারী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হবে না, সে সকল আবেদনকারী **শূন্য আসন সাপেক্ষে তিনটি কলেজে** আলাদাভাবে কোর্স নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে। **কলেজ কর্তৃক কোন আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা না হলে, সেই আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।**

## ৬। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত User ID ও Password দিয়ে সংশ্লিষ্ট কলেজ তাদের ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য Login করবে। প্রাথমিক আবেদন ফরম ও ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate OTP অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও একইসংগে কলেজ ই-মেইল এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা যাবে। এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে ভর্তির কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুই জন দায়িত্বশীল শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) বরাবর ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীর কাছ থেকে প্রাথমিক আবেদন ফি বাবদ **৩০০/-(তিনশত)** টাকা জমা রেখে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে ঐ সকল প্রার্থীকে মেধা তালিকায় স্থান দেয় হবে না।

খ) সংশ্লিষ্ট কলেজকে **Blank Data Entry Form** এর মাধ্যমে আবেদনকারী প্রার্থীদের ছবি ও শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূলকপিতে প্রদর্শিত তথ্য আবেদন ফরমের সাথে যাচাই করে ভর্তি নিশ্চয়ন করতে হবে এবং ভর্তি কার্যক্রম সম্পন্নের পর "প্রার্থী/প্রার্থীদের ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদি সঠিক"- মর্মে একটি প্রত্যয়নপত্রসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের একটি তালিকা কলেজ অধ্যক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) দপ্তরে প্রেরণ করবেন। উক্ত প্রত্যয়ন পত্র ব্যতীত Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক/চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে সেই প্রার্থী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না এবং তার রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। প্রার্থীর আবেদন ফরমে কোন তথ্য/ছবি ভুল বা অসত্য বলে প্রমাণিত হলে, তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

গ) **প্রাথমিক আবেদন ফি**

| | |
|---|---|
| i) **প্রাথমিক আবেদন ফি:** | **= ৩০০/-(তিনশত) টাকা**<br>**[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০/-(দুইশত) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা]** |

**ঘ) কোর্সওয়ারী রেজিস্ট্রেশন ফি**

**কোভিড-১৯ মহামারীকালীন পরিস্থিতিতে শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনায় এনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) কোর্সসমূহে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফিসের হার পূর্ববর্তী বছরের তুলনায় ২৫% হ্রাস করে নিম্নরূপ নির্ধারণ করা হলো:**

| কোর্সের নাম | ফিসের ধরণ | ফিসের হার |
|---|---|---|
| **পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/ পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স /পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী/ পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক/ পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা**<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>**মোট= ৭৮৫/- (সাতশত পঁচাশি) টাকা** |
| **এলএলবি ১ম পর্ব/** পোষ্ট গ্রাজুয়েট **ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স/ এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ৯০০/- (নয়শত) টাকা**<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট= **৯৩৫/- (নয়শত পঁয়ত্রিশ) টাকা** |
| **মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ১,৫০০/ (এক হাজার পাঁচশত) টাকা**<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>**মোট= ১,৫৩৫/- (এক হাজার পাঁচশত পঁয়ত্রিশ) টাকা** |
| **মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ৪,৫০০/ (চার হাজার পাঁচশত) টাকা**<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>**মোট= ৪,৫৩৫/- (চার হাজার পাঁচশত পঁয়ত্রিশ) টাকা** |
| **এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ১১,২৫০/ (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা**<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>**মোট= ১১,২৮৫/- (এগার হাজার দুইশত পঁচাশি) টাকা** |
| | **শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি** | **= ৭০০/- (সাতশত) টাকা** |

**ঘ) প্রাথমিক আবেদন ফি সোনালী সেবায় পরিশোধ**

সংশ্লিষ্ট কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ নির্ধারিত সময়ে [আবেদনকারী থেকে ২০০/- (দুইশত) টাকা হারে] Login এর মাধ্যমে Application Payment Info (Masters prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সংশিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-0218100003245 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

**ঙ) চূড়ান্ত ভর্তি ফি' সোনালী সেবায় পরিশোধ**

সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে পরিশোধ করবে। এ লক্ষ্যে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট কলেজ [ভর্তি নির্দেশিকার ১০নং অনুচ্ছেদে কোর্সভিত্তিক বর্ণিত হারে] Login এর মাধ্যমে Admission Payment Info (Masters prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ সংশ্লিষ্ট কোর্স ও শিক্ষাবর্ষে "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।

**এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

**স্বাক্ষরিত/-**
**(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)**
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল- *pgdeanoffice@gmail.com*

**স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০২০-২১/৪৬১৯** **তারিখ : ২৫/০৭/২০২০**

**বিতরণ:**

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় *(কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)*
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

**উপ-রেজিস্ট্রার (মাস্টার্স ও প্রফেশনাল)**
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
**ফোন নং: ০১৭৬৮৫১৯৫০১, ০১৩০৩৮৫৯২৬২, ০১৭১৭৭৪৩৪৬৬**
(যে কোন অনুসন্ধানের জন্য সকাল ১০টা হতে দুপুর ১২টার মধ্যে ফোন করতে হবে।)

*© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।*